# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**06-04-2026** **Time: 1.30 PM**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১/ পশ্চিমবঙ্গসহ ৪ রাজ্য ও কেন্দ্রশাসিত পুদুচেরিতে বিধানসভা নির্বাচনের প্রচার জোরকদমে চলছে। অসম, কেরালাম ও পুদুচেরিতে প্রচারাভিযান শেষ হচ্ছে আগামীকাল। ভোটগ্রহণ ৯ এপ্রিল।

২/ পশ্চিমবঙ্গ বিধানসভা নির্বাচনে প্রথম দফায় ১৫২ টি আসনে ভোট গ্রহণের জন্য মনোনয়ন জমার আজকেই শেষ দিন। রাজ্যে SIR প্রক্রিয়া নিয়ে সুপ্রিম কোর্টে মামলার আজ আবার গুরুত্বপূর্ণ শুনানি ।

৩/ অরুণাচল প্রদেশের মুখ্যমন্ত্রী ও তার আত্মীয়দের বিভিন্ন কোম্পানিকে নিয়ম বহির্ভূতভাবে বরাত দেওয়ার অভিযোগ নিয়ে সুপ্রিম কোর্ট CBI-কে তদন্ত করতে বলেছে।

৪/ আগামীকালের মধ্যে হরমুজ প্রণালী খুলে দেওয়া না হলে ইরানের বিদ্যুৎকেন্দ্র ও সেতুগুলি গুঁড়িয়ে দেওয়া হবে বলে মার্কিন রাষ্ট্রপতি ট্রাম্প হুঁশিয়ারি দেওয়ায় মধ্য প্রাচ্যের পরিস্থিতি আরো ঘোরালো হয়ে উঠেছে।

৫/ সরকার দেশজুড়ে ৫ কেজির ছোট এলপিজি সিলিন্ডার বিক্রি বাড়িয়েছে।

৬/ ইডেনে আজ আইপিএল ক্রিকেটে কলকাতা নাইট রাইডার্স, পাঞ্জাব কিংসের মুখোমুখি হবে।

---

পশ্চিমবঙ্গ সহ ভোটমুখী চার রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে কেরালার প্রচার চলছে। আসাম, কেরালা ও কেন্দ্রশাসিত পুদুচেরিতে বিধানসভা নির্বাচনের প্রচারপর্ব আগামীকাল শেষ হতে চলেছে। বিভিন্ন রাজনৈতিক দলের শীর্ষ নেতারা ভোটারদের কাছে পৌঁছতে জোরকদমে প্রচেষ্টা চালাচ্ছেন। আগামী বৃহস্পতিবার ৯ ই এপ্রিল আসাম, কেরালা এবং পুদুচেরিতে এক দফাতেই ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ অসমের বরপেটায় এক নির্বাচনী জনসভায় বলেন বিজেপি দীর্ঘমেয়াদি দৃষ্টিভঙ্গি নিয়ে কাজ করে। আগামীদিনগুলিতে অসমে সমৃদ্ধি আনাই দলের কাজ হবে। প্রথমে দেশ এই মন্ত্র বিজেপি কাজ করে বলে শ্রী মোদী উল্লেখ করেন।

কংগ্রেস নেতা রাহুল গান্ধী আজ পুদুচেরির লসপেটে এক নির্বাচনী সভায় বলেন, তার দল পুদুচেরিকে পূর্ণ রাজ্যের মর্যাদা দিতে অঙ্গীকারবদ্ধ। বেকার যুবকদের মাসিক ২ হাজার টাকা , ৩০ হাজার নতুন চাকরির ব্যবস্থা করা এবং মহিলাদের নিশুল্ক বাস ভ্রমণের প্রতিশ্রুতি দিয়েছেন।

---

প্রধানমন্ত্রীর গতকালের কোচবিহারের প্রচারসভার মধ্যে দিয়ে পশ্চিমবঙ্গের ভোটের প্রচার আরো জোরদার হয়ে উঠেছে। রাজনৈতিক দলের নেতা কর্মীরা মিটিং, মিছিল, পথসভা ও বাড়ি বাড়ি গিয়ে ভোটারদের মন জয়ের চেষ্টা করছেন।

প্রধানমন্ত্রী এ রাজ্যের তৃণমূল কংগ্রেস সরকারকে আইন শৃঙ্খলা পরিস্থিতির অবনতির জন্য দায়ী করে বলেন, বিজেপি ক্ষমতায় এলে এই অপশাসন বন্ধ করা হবে।

তৃণমূল কংগ্রেস নেত্রী মমতা ব্যানার্জী কেন্দ্রের বিজেপি সরকারের সমালোচনা করে বলেছেন, কেন্দ্র এ রাজ্যের স্থিতিশীলতা নষ্ট করে মেরুকরণ করতে চাইছে। শ্রীমতি ব্যানার্জী মহিলাদের সামাজিক সহায়তা প্রকল্প অব্যাহত রাখার ওপর জোর দেন।

কংগ্রেস এবারের বিধানসভা নির্বাচনে মালদা এবং মুর্শিদাবাদ জেলায় বিশেষ জোর দিয়েছে। তারা এবার একাই লড়ছে। মুর্শিদাবাদ এবং মালদায় অধীর রঞ্জন চৌধুরী ও মৌসম বেনজির নূরের প্রতিদ্বন্দ্বিতা রাজনৈতিক মহলে আগ্রহের সৃষ্টি করেছে।

বাম-দলগুলিও তাদের বক্তব্য নিয়ে মিটিং, মিছিল, পথসভার মধ্য দিয়ে ভোটারদের কাছে পৌঁছনোর চেষ্টা করছে।

এদিকে অবাধ ও শান্তিপূর্ণ নির্বাচন সুনিশ্চিত করতে রাজ্য জুড়ে মোতায়েন হয়েছে কেন্দ্রীয় বাহিনী।

------------------

পশ্চিমবঙ্গে বিধানসভা নির্বাচনে প্রথম দফার জন্য মনোনয়ন জমা দেওয়ার আজই শেষদিন। আগামীকাল জমা পড়া মনোনয়নপত্রগুলি পরীক্ষা করে দেখা হবে। প্রার্থীপদ প্রত্যাহারের শেষ দিন ৯ই এপ্রিল। এই পর্যায়ে ১৫২টি আসনে আগামী ২৩ শে এপ্রিল ভোট নেওয়া হবে।

এদিকে, দ্বিতীয় দফায় আগামী ২৯শে এপ্রিল ভোট গ্রহণের জন্য মনোনয়ন জমা দেওয়ার কাজ চলছে। প্রার্থীপদ দাখিল করা যাবে ৯ই এপ্রিল পর্যন্ত।

-------------------

সুপ্রিম কোর্টে আজ ফের রাজ্যে এস আই আর স্ংকান্ত মামলার শুনানি। প্রধান বিচারপতি সূর্যকান্ত, বিচাপতি জয়মাল্য বাগচি এবং বিচারপতি বিপুল এম পাঞ্চুলির বেঞ্চে বিকেলে মামলাটি ওঠার কথা। গত পয়লা এপ্রিল শীর্ষ আদালত নির্বাচন কমিশনকে অ্যাপিলেট ট্রাইব্যুনালের কাজ শুরু করার পাশাপাশি আজকের মধ্যে অ্যাডজুডিকেশনের কাজ সম্পূর্ণ করার নির্দেশ দেয়। এরপর দোসরা এপ্রিল মালদার কালিয়াচকে বিবেচনাধীন তালিকার নিষ্পত্তির কাজে নিযুক্ত ৭ বিচারবিভাগীয় আধিকারিককে ঘেরাও-এর ঘটনায় সি বি আই বা এন আই এ তদন্তের নির্দেশ দেয়। সেই অনুযায়ী এন আই এ-কে ঘটনার তদন্তের দায়িত্ব দেয় নির্বাচন কমিশন । সর্বোচ্চ আদালতে জাতীয় তদন্ত সংস্থা আজ প্রাথমিক রিপোর্ট দিতে পারে বলে জানা গেছে।

-------------------

পশ্চিমবঙ্গে মালদার কালিয়াচকে বিচারবিভাগীয় আধিকারিকদের ঘেরাওয়ের ঘটনায় পরিস্থিতি সামাল দেওয়ার কাজে গাফিলতির অভিযোগে আইনশৃঙ্খলা বিষয়ক অতিরিক্ত জেলাশাসক শেখ আনসার আহামেদকে শোকজ করা হয়েছে।

এই ঘটনায় কেন তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে না, তা জানতে চেয়ে ৭ দিনের মধ্যে লিখিত জবাব দিতে বলা হয়েছে। নির্দিষ্ট সময়ের মধ্যে সন্তোষজনক উত্তর না পেলে একতরফা শাস্তিমূলক প্রক্রিয়া শুরু করা হবে বলেও সতর্ক করা হয়েছে।

-------------------

অরুণাচল প্রদেশ সরকারের বরাত বন্টনে অনিয়মের অভিযোগের তদন্তের দায়িত্ব সি বি আই-কে হস্তান্তর করেছে সুপ্রিম কোর্ট। মুখ্যমন্ত্রী পেমা খান্ডু ও তাঁর আত্মীয়দের বিরুদ্ধে বিভিন্ন কোম্পানিকে নিয়মবহির্ভূতভাবে বরাত দেওয়া হয়েছে বলে অভিযোগ। ষোল সপ্তাহের মধ্যে এসংক্রান্ত রিপোর্ট পেশ করতে হবে বলে সি বি আই-কে বলেছে শীর্ষ আদালত।

------------------

মার্কিণ প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইরান কে হুমকি দিয়ে বলেছেন মঙ্গলবারের মধ্যে হরমুজ প্রণালীকে নৌ চলাচলের জন্য খুলে দিতে ব্যর্থ হলে ইরানের বিদ্যুৎ কেন্দ্র এবং সেতুগুলো ধ্বংস করে দেওয়া হবে। ট্রাম্প মার্কিন সংবাদমাধ্যমকে জানিয়েছেন যে, তেহরানের সাথে একটি সমঝোতায় পৌঁছানোর বেশ ভালো সম্ভাবনা রয়েছে। ইরান হরমুজ প্রণালীর মতো অত্যন্ত গুরুত্বপূর্ণ জলপথ দিয়ে স্বাভাবিক পরিবহন ব্যবস্থা কার্যত বন্ধ করে দেওয়ায় বিশ্বজুড়ে তেলের দাম আকাশচুম্বী হয়ে উঠেছে এবং বিশ্বব্যাপী মুদ্রাস্ফীতি বৃদ্ধির আশঙ্কা দেখা দিয়েছে।

ওয়াশিংটনের পক্ষ থেকে ৪৮ ঘণ্টার চরমপত্র জারির পর, হরমুজ প্রণালী পুনরায় খুলে দেওয়ার জন্য ইরানের সামনে থাকা আসন্ন সময়সীমার দিকেই এখন সবার দৃষ্টি রয়েছে। এই সময়সীমা আর মাত্র কয়েক ঘণ্টার মধ্যেই শেষ হতে চলেছে। যদি কোনো সমঝোতায় পৌঁছানো না যায়, তবে পরিস্থিতির সম্ভাব্য অবনতি বা সংঘাত বৃদ্ধির আশঙ্কা দেখা দিয়েছে। প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন যে, সোমবারের মধ্যেই একটি চুক্তি চূড়ান্ত হওয়ার সম্ভাবনা রয়েছে। তবে ইরান এই চরমপত্র প্রত্যাখ্যান করেছে এবং হুঁশিয়ারি দিয়ে জানিয়েছে যে, কোনো প্রকার চাপের মুখে তারা আলোচনায় বসবে না।

-------------------

পশ্চিম এশিয়ায় সংঘাত তীব্রতর হওয়ায় বিশ্বের এই গুরুত্বপূর্ণ নৌপথটি কার্যত বন্ধ থাকায়, হরমুজ প্রণালী দিয়ে সামুদ্রিক চলাচল সহজ করার বিষয়ে ওমান ও ইরান আলোচনা করেছে। কৌশলগত এই জলপথে নিরাপদ নৌচলাচল পুনরুদ্ধারের উপায় খুঁজে বের করতে উভয় দেশ বৈঠক করেছে।

ইরান জাহাজ চলাচল নিয়ন্ত্রণের জন্য ওমানের সঙ্গে একটি যুদ্ধ-পরবর্তী সামুদ্রিক প্রোটোকলের প্রস্তাব দিয়েছে। অন্যদিকে ইরান সংসদে সম্প্রতি হরমুজ প্রণালীতে টোল আরোপ এবং মার্কিন ও ইসরায়েলি জাহাজ নিষিদ্ধ করার পক্ষে ভোট হয়েছে।

-------------------

বিদেশমন্ত্রী ডঃ এস. জয়শঙ্কর গতকাল ইরানের বিদেশমন্ত্রী আব্বাস আরাঘচি এবং কাতারের প্রধানমন্ত্রী শেখ মোহাম্মদ বিন আব্দুলরহমান বিন জসিম আল থানির সঙ্গে কথা বলেছেন। তাঁরা পশ্চিম এশিয়ার সংঘাতপূর্ণ বর্তমান পরিস্থিতি নিয়ে আলোচনা করেন। ড. জয়শঙ্কর সংযুক্ত আরব আমিরশাহির বিদেশমন্ত্রী শেখ আব্দুল্লাহ বিন জায়েদ আল নাহিয়ানের সঙ্গেও টেলিফোনে কথা বলেছেন। জানা গেছে, এই সংঘাতের ফলে বিশ্বব্যাপী জ্বালানি সরবরাহের ওপর যে প্রভাব পড়তে পারে, তা-ই ছিল এই আলোচনার অন্যতম প্রধান বিষয়। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইরানের প্রতি তাঁর হুমকি পুনর্ব্যক্ত করার পর পশ্চিম এশিয়া অঞ্চলে উত্তেজনা তীব্র আকার ধারণ করে। আর ঠিক এই প্রেক্ষাপটেই পশ্চিম এশিয়ার এই তিনটি দেশের নেতাদের সঙ্গে ড. জয়শঙ্কর টেলিফোনে কথা বলেন। ইরান কার্যত হরমুজ প্রণালী অবরুদ্ধ করে ফেলার পর বিশ্ববাজারে তেল ও গ্যাসের দাম ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে। উল্লেখ্য, বিশ্বের মোট তেল ও তরলীকৃত প্রাকৃতিক গ্যাস , এল এন জি এর প্রায় ২০ শতাংশই এই প্রণালী

দিয়ে পরিবাহিত হয়। ভারতের জ্বালানি সংগ্রহের ক্ষেত্রে পশ্চিম এশিয়া বরাবরই একটি প্রধান উৎস হিসেবে বিবেচিত হয়ে আসছে।

------------------

পশ্চিম এশিয়ায় সংঘাতের প্রেক্ষিতে এয়ার ইন্ডিয়া ইসরায়েলে তাদের বিমান চলাচল স্থগিত করেছে। নতুন দিল্লি থেকে তেল আবিব পথে আগামী ৩১ মে পর্যন্ত উড়ান চলাচল বন্ধ থাকছে বলে এয়ার ইন্ডিয়ার পক্ষ থেকে জানানো হয়েছে। অধিকাংশ শীর্ষস্থানীয় বিমান সংস্থাই তেল আবিব রুটে তাদের বিমাণ চলাচল স্থগিত করেছে। এরফলে ইসরায়েলে বসবাসরত ৪০ হাজারের বেশি ভারতীয় গভীর উদ্বেগের মধ্যে রয়েছেন। দেশে ফিরে আসতে ইচ্ছুক ভারতীয়দের এখন জর্ডন বা মিশরের স্থল পথ বেছে নিতে হচ্ছে। সংকটকালীন সময়ে ভারতীয় দূতাবাস ইসরায়েলে বসবাসরত ভারতীয় সম্প্রদায়ের সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখতে ২৪-ঘণ্টা হটলাইন পরিষেবা চালু করেছে।

------------------

সরকার ৫ কেজি ওজনের ছোট এলপিজি সিলিন্ডারের বিক্রি বাড়িয়েছে। বৈধ পরিচয়পত্র দেখিয়ে এলপিজি বিতরণ কেন্দ্রগুলো থেকে সরাসরি এই সিলিন্ডার সংগ্রহ করা যাবে। সরকার আরও জানিয়েছে, পশ্চিম এশিয়ার পরিবর্তিত পরিস্থিতির প্রেক্ষাপটে জ্বালানির নিরবচ্ছিন্ন সরবরাহ নিশ্চিত করতে, সামুদ্রিক কার্যকলাপ সুরক্ষিত রাখতে এবং ভারতীয় নাগরিকদের সহায়তা করতে ইতিবাচক পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে।

------------------

সরকার জানিয়েছে, দেশে পেট্রোল, ডিজেল এবং এল পি জি-র পর্যাপ্ত সরবরাহ সুনিশ্চিত করতে সমস্ত রকমের পদক্ষেপ নেওয়া হয়েছে। খুব প্রয়োজন ছাড়া গ্রাহকদের ডিজিটাল মোডেই এল পি জি সিলিন্ডার বুকিংয়ের পরামর্শ দেওয়া হয়েছে। পেট্রোলিয়াম এবং প্রাকৃতিক গ্যাস মন্ত্রক জানিয়েছে, এই পদ্ধতিতে এল পি জি সরবরাহ চলতি বছরের ফেব্রুয়ারি মাসে ৫৩ শতাংশ থেকে বৃদ্ধি পেয়ে ৯০ শতাংশে পৌঁছেছে।

-------------------

পশ্চিম এশিয়ায় সংঘাতের কারণে জ্বালানি সরবরাহে বিঘ্ন ঘটায় নেপালে সরকারি অফিস ও শিক্ষা প্রতিষ্ঠানে সপ্তাহে ২ দিন ছুটি দেওয়ার সিদ্ধান্ত হয়েছে। আজ থেকেই এই নতুন ব্যবস্থা কার্যকর হচ্ছে।

সরকারি দপ্তরে কাজের সময়ে ৯ টা থেকে ৪টের পরিবর্তে ৯ টা থেকে ৫ টা করা হয়েছে।

-------------------

ভারত আফগানিস্তানে মানবিক সহায়তায় দুর্যোগ ত্রাণ সামগ্রী পাঠিয়েছে। সাম্প্রতিক বন্যা ও ভূমিকম্পের কারণে আফগানিস্তান বর্তমানে এক কঠিন পরিস্থিতির সম্মুখীন। সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশিত এক পোস্টে বিদেশমন্ত্রক জানিয়েছে যে, এই সহায়তার মধ্যে রয়েছে রান্নার সরঞ্জাম, স্বাস্থ্যবিধি কিট, প্লাস্টিকের শিট, ত্রিপল, স্লিপিং ব্যাগ এবং অন্যান্য প্রয়োজনীয় সামগ্রী। মন্ত্রক আরও জানিয়েছে যে, ভারত আফগান নাগরিকের পাশে সবসময় মানবিক সহায়তা প্রদানে প্রতিশ্রুতিবদ্ধ।

-------------------

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী ড. জিতেন্দ্র সিং বলেছেন, বিজ্ঞান ও প্রযুক্তিক্ষেত্রে ভারত ও জাপানের পারস্পরিক সহযোগিতা আন্তর্জাতিক স্তরে দেশের কূটনৈতিক সম্পর্কের অন্যতম শক্তিশালী স্তম্ভ। 'ভারত-জাপান বিজ্ঞান, প্রযুক্তি ও উদ্ভাবন বর্ষ'-এর সমাপ্তি অনুষ্ঠানে ভার্চুয়ালি ভাষণ দেওয়ার সময় মন্ত্রী ভারত ও জাপানের ৪০ বছরের দ্বিপাক্ষিক অংশীদারিত্ব এবং বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা বৃদ্ধির বিষয়টিকে বিশেষভাবে তুলে ধরেন।

শ্রী সিং বলেন, গত বছর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জাপান সফরের সময় স্বাক্ষরিত চুক্তিসমূহ সহ সাম্প্রতিককালে গৃহীত বিভিন্ন উদ্যোগের মূল লক্ষ্য হলো গবেষণা, স্টার্টআপ এবং শিল্পক্ষেত্রে পারস্পরিক সম্পর্ককে আরও প্রসারিত করা। তিনি স্বাস্থ্যসেবা ক্ষেত্রে সহযোগিতা এবং দু'দেশের মহাকাশ গবেষণা সংস্থা - ইসরো ও জাক্সার যৌথ চন্দ্রাভিযান LUPEX-এর মতো গুরুত্বপূর্ণ ক্ষেত্রে অগ্রগতির কথাও বিশেষভাবে উল্লেখ করেন। জাপানকে একটি বিশ্বস্ত অংশীদার রাষ্ট্র হিসেবে অভিহিত করে তিনি সুস্থায়ী উন্নয়নসহ বিভিন্ন আন্তর্জাতিক চ্যালেঞ্জ মোকাবিলা এবং অত্যাধুনিক প্রযুক্তির ক্ষেত্রে সহযোগিতা আরও নিবিড় করার আহ্বান জানান।

-------------------

ইডেনে আইপিএল এর ম্যাচে আজ কলকাতা নাইট রাইডার্স, পাঞ্জাব কিংসের বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

হায়দ্রাবাদের রাজীব গান্ধী আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামে গতকাল লখনউ সুপার জায়ান্টস পাচঁ উইকেটে সানরাইজার্স হায়দ্রাবাদকে হারিয়ে দিয়েছে। লখনউ টসে জিতে হায়দ্রাবাদকে প্রথমে ব্যাট করতে পাঠায়। হায়দ্রাবাদ ২০ ওভারে ৯ উইকেটে ১৫৬ রান তোলে। হেনরিক ক্লাসেন ৬২, নীতিশ কুমার রেড্ডি ৫৬ রান করেন। লখনউ এর হয়ে

মহম্মদ শামি, প্রিন্স যাদব, আবেশ খান দুটি করে উইকেট নিয়েছেন। রান তাড়া করতে নেমে লখনউ সুপার জায়ান্টস পাচঁ উইকেট হারিয়ে এক বল বাকি থাকতে লক্ষ্যে পৌঁছে যায়। অধিনায়ক ঋষভ পন্থ ৬৮ রানে অপরাজিত থাকেন। এইডেন মার্করাম ৪৫ রান করেন। হায়দ্রাবাদের হয়ে হর্ষ দুবে দুটি উইকেট নিয়েছেন।

------------------ ------------------